গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বদলগাছী, নওগাঁ।

**www.badalgachi.naogaon.gov.bd**

স্মারক নং-০৫.৪৩.৬৪০৬.০০০.০৪.০৫৫.২৩- ১০৬

তারিখ ঃ ১৫ মাঘ ১৪২৯ / ২৯ জানুয়ারি ২০২৩

## হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলাধীন বদলগাছী উপজেলার নিম্ন তফসিল বর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩০ সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১(এক) বছরের জন্য অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের লক্ষ্যে দরপত্র সিডিউলে বর্ণিত শর্তসাপেক্ষে প্রতিটি হাট-বাজারের জন্য পৃথক পৃথক ভাবে সীলমোহরযুক্ত খামে হাট-বাজারের নাম উল্লেখপূর্বক ক্যালেন্ডারের সময়সূচি মোতাবেক দরপত্র আহবান করা যাচ্ছে।

প্রয়োজনীয় শর্তসম্বলিত দরপত্র সিডিউল ক্যালেন্ডারে বর্ণিত সময়সূচি মোতাবেক দরপত্র গ্রহণ/দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন জেলা প্রশাসক, নওগাঁ মহোদয়ের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), উপজেলা ভূমি অফিস, বদলগাছী, নওগাঁ, বদলগাছী থানা (পুলিশ স্টেশন), সোনালী ব্যাংক লিঃ, বদলগাছী শাখা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে। নিম্নোক্ত ক্যালেন্ডারে বর্ণিত সময়সূচি মোতাবেক দরপত্র গ্রহণ/দাখিলের জন্য ধার্য্য তারিখ ও সময়ে জেলা প্রশাসক, নওগাঁ মহোদয়ের কার্যালয় (স্থানীয় সরকার শাখা); পুলিশ সুপার, নওগাঁ, মহোদয়ের কার্যালয়; সহকারী কমিশনার (ভূমি), বদলগাছী, নওগাঁ এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দুপুর ১.০০ টা পর্যন্ত দরপত্র গ্রহণ করা হবে এবং ঐ দিন বেলা ৩.০০ টায় উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। উল্লেখ্য যে, দরপত্র দাখিলের তারিখ কোন কারণে সরকারি ছুটি ঘোষিত হলে পরবর্তী কার্যদিবসে দরপত্র দাখিলের তারিখ হিসেবে গণ্য হবে।

### ঃ হাট-বাজার ইজারা সংক্রান্ত তফসিল ঃ

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | হাট-বাজারের নাম | ১৪৩০ বঙ্গাব্দের সম্ভাব্য সরকারি ইজারামূল্য ইজারা মূল্য (আয়কর ও ভ্যাট ব্যতীত) | দরপত্র সিডিউল মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | |
| ০১ | বদলগাছী | বদলগাছী | ৩৮,৩৯,৬০০/- | ৯,৪০০/- | |
| ০২ | ঐ | ভুবন | ৪,০৫০/- | ৫০০/- | |
| ০৩ | মথুরাপুর | গোবরচাঁপা | ৪১,৪০,৬২০/- | ১০,০০০/- | |
| ০৪ | ঐ | জাবারীপুর | ৬২,৪৫০/- | ৫০০/- | |
| ০৫ | পাহাড়পুর | পাহাড়পুর | ২,০৬,১৫০/- | ২,২০০/- | |
| ০৬ | ঐ | বামনপাড়া | ৫,৯০০/- | ৫০০/- | |
| ০৭ | মিঠাপুর | মিঠাপুর | ৮৯,৭৫০/- | ৫০০/- | |
| ০৮ | কোলা | ভান্ডারপুর | ৩১,৪৫,০৫০/- | ৮,০০০/- | |
| ০৯ | ঐ | কোলা | ৫৫,৮৬,৪০০/- | ১২,৮০০/- | |
| ১০ | বিলাশবাড়ী | পারসোমবাড়ী | ৪,১৩,৬০০/- | ২,৬০০/- | |
| ১১ | ঐ | শ্রীরামপুর | ১,০৬,২০০/- | ১,০০০/- | |
| ১২ | ঐ | এনায়েতপুর | ২,৩৫০/- | ৫০০/- | |
| ১৩ | বালুভরা | বালুভরা | ৮,৩৩,৭৫০/- | ৩,৪০০/- | |
| ১৪ | ঐ | চাঁদপুর | ৭,৪৬,১০০/- | ৩,২০০/- | |
| ১৫ | ঐ | কোমারপুর | ১,২৬০/- | ৫০০/- | |

### দরপত্রের সিডিউল ক্রয়, দরপত্র দাখিল এবং খোলার তারিখ ও সময়সূচি ঃ

| পর্যায় | সিডিউল/দরপত্র বিক্রয়ের তারিখ | দরপত্র দাখিলের তারিখ | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম | ১৫/০২/২০২৩ তারিখ অফিস চলাকালীন পর্যন্ত | ১৬/০২/২০২৩ তারিখ, দুপুর ১.০০ টা পর্যন্ত | ১৬/০২/২০২৩ তারিখ, বিকেল ৩.০০ টা |
| ২য় | ০৫/০৩/২০২৩ তারিখ অফিস চলাকালীন পর্যন্ত | ০৬/০৩/২০২৩ তারিখ, দুপুর ১.০০ টা পর্যন্ত | ০৬/০৩/২০২৩ তারিখ, বিকেল ৩.০০ টা |
| ৩য় | ২১/০৩/২০২৩ তারিখ অফিস চলাকালীন পর্যন্ত | ২২/০৩/২০২৩ তারিখ, দুপুর ১.০০ টা পর্যন্ত | ২২/০৩/২০২৩ তারিখ, বিকেল ৩.০০ টা |

| | | | |
|---|---|---|---|
| ৪র্থ | ১০/০৪/২০২৩ তারিখ অফিস চলাকালীন পর্যন্ত | ১১/০৪/২০২৩ তারিখ, দুপুর ১.০০ টা পর্যন্ত | ১১/০৪/২০২৩ তারিখ, বিকেল ৩.০০ টা |
| ৫ম | ২৬/০৪/২০২৩ তারিখ অফিস চলাকালীন পর্যন্ত | ২৭/০৪/২০২৩ তারিখ, দুপুর ১.০০ টা পর্যন্ত | ২৭/০৪/২০২৩ তারিখ, বিকেল ৩.০০ টা |
| ৬ষ্ঠ | ১৫/০৫/২০২৩ তারিখ অফিস চলাকালীন পর্যন্ত | ১৬/০৫/২০২৩ তারিখ, দুপুর ১.০০ টা পর্যন্ত | ১৬/০৫/২০২৩ তারিখ, বিকেল ৩.০০ টা |
| ৭ম | ৩১/০৫/২০২৩ তারিখ অফিস চলাকালীন পর্যন্ত | ০১/০৬/২০২৩ তারিখ, দুপুর ১.০০ টা পর্যন্ত | ০১/০৬/২০২৩ তারিখ, বিকেল ৩.০০ টা |

দরপত্রদাতাকে দরপত্রে উদ্ধৃত মূল্যের ৩০% অর্থ ব্যাংক ড্রাফটের (উপজেলা নির্বাহী অফিসার, বদলগাছী, নওগাঁ এর অনুকূলে) মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। সফল দরপত্রদাতার জমাকৃত উক্ত অর্থ হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন না করলে বা অন্য কোনভাবে ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে সে ব্যয় মিটানো হবে। বৎসর সমাপনান্তে জামানতের টাকা জমাকারীর বরাবরে ফেরত প্রদান করা হবে।

দরপত্র গৃহীত হওয়ার সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে ইজারার অবশিষ্ট ৭৫% অর্থ ব্যাংক ড্রাফটের মাধ্যমে এবং দরপত্রে উদ্ধৃত ইজারা মূল্যের উপর সরকারি বিধি মোতাবেক ১৫% ভ্যাট ও ১০% আয়কর সংশ্লিষ্ট কোডে/খাতে ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিতে হবে। অন্যথায় তার দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাজেয়াপ্ত ঘোষণা করা হবে এবং হাট-বাজারটি পুনরায় ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

উল্লেখ্য যে, ১ম পর্যায়ে যে হাট-বাজারের দাখিলকৃত দরপত্র অনুমোদিত হবে ২য় পর্যায়ে সেই হাট বাজারের কোন সিডিউল বিক্রি করা হবেনা। অর্থাৎ (পুনঃদরপত্র অনুষ্ঠান) ঐ হাট-বাজারটির নাম বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে এবং অনুরূপভাবে ২য় থেকে ৭ম পর্যায় পর্যন্ত একইরূপে চলবে। অন্যান্য বিস্তারিত তথ্যাদি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বদলগাছী, নওগাঁ হতে জানা যাবে।

কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।


মোসাঃ আলপনা ইয়াসমিন
উপজেলা নির্বাহী অফিসার
বদলগাছী, নওগাঁ।
ফোন : ০২৫৮৮৮৮৬৬০১
E-mail: unobadalgachi@mopa.gov.bd


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বদলগাছী, নওগাঁ।
**www.badalgachi.naogaon.gov.bd**

স্মারক নং-০৫.৪৩.৬৪০৬.০০০.০৪.০৫৫.২৩- ৯০৯

তারিখ ঃ ১৫ মাঘ ১৪২৯ / ২৯ জানুয়ারি ২০২৩

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য:

০১। মাননীয় সংসদ সদস্য, ৪৮, নওগাঁ-৩
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০২। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৩। জেলা প্রশাসক, নওগাঁ।
০৪। পুলিশ সুপার, নওগাঁ।
০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ।

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য অনুরোধসহ প্রেরণ করা হলো ঃ

০১। উপজেলা নির্বাহী অফিসার, ..................................................................(সকল উপজেলা), নওগাঁ।

০২। সহকারী কমিশনার (ভূমি), ..........................................(সকল), নওগাঁ।

০৩। অফিসার ইনচার্জ, বদলগাছী থানা, নওগাঁ।

০৪। ব্যবস্থাপক, ........................................ ব্যাংক, ................... শাখা, বদলগাছী, নওগাঁ।

০৫। চেয়ারম্যান, .............................................ইউনিয়ন পরিষদ (সকল), বদলগাছী, নওগাঁ। তাঁকে তাঁর অধীনস্থ হাট-বাজারসমূহে মাইকযোগে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

০৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ...............................................................................ইউনিয়ন ভূমি অফিস, বদলগাছী, নওগাঁ। বিজ্ঞপ্তিটি তাঁর অধিক্ষেত্রাধীন হাট-বাজারসমূহে মাইকযোগে বহুল প্রচার অন্তে জারির কপি প্রতিবেদনসহ দরপত্র গ্রহণের পূর্বে এ অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৭। জনাব .........................................................বর্তমান ইজারাদার/প্রাক্তন ইজারাদার .......................... হাট-বাজার বদলগাছী, নওগাঁ।

০৮। (ক) সম্পাদক, দৈনিক সমকাল (জাতীয়), ১৩৬, তেজগাঁও বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২০৮। খ) সম্পাদক, দৈনিক করতোয়া (স্থানীয়), চকযাদু রোড, বগুড়া-৫৮০০। তাঁকে মূল বিজ্ঞপ্তিটি সীমিত পরিসরে (দৈর্ঘ্য ৮ ইঞ্চি ও প্রস্থ ৩ কলামে) আগামী ........................তারিখের পূর্বে ০১ (এক) দিনের জন্য প্রকাশ করে পত্রিকার কপি অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো।

০৯। সহকারী প্রোগ্রামার, বদলগাছী, নওগাঁ। তাকে বিজ্ঞপ্তিটি নিম্নস্বাক্ষরকারীর ওয়েব সাইডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।

১০। নোটিশ বোর্ড, ................................................, বদলগাছী, নওগাঁ।

মোসাঃ আলপনা ইয়াসমিন
উপজেলা নির্বাহী অফিসার
বদলগাছী, নওগাঁ।
ফোন : ০২৫৮৮৮৮৬৬০১

E-mail: unobadalgachi@mopa.gov.bd

# ১৪৩০ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলীঃ

১। বাংলা ১৪৩০ সনের ০১ বৈশাখ হতে ১৪৩০ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হবে।

২। দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের উপর ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বদলগাছী, নওগাঁ এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত অর্থ হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাঁকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ভাবে ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে জামানতের টাকা ইজারাদার বরাবর ফেরত দেওয়া হবে।

৩। দরপত্র গৃহীত হওয়ার সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ (ব্যাংক ড্রাফটের মাধ্যমে), মোট দাখিলকৃত দরের উপর সরকারের নির্ধারিত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) চালানের মাধ্যমে অবশ্যই একসাথে পরিশোধ করতে হবে অন্যথায় হাট-বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনঃরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। ইজারা গ্রহীতাকে দরপত্রে উদ্ধৃত ইজারামূল্যের উপর ১০% আয়কর ১/১১৪১/০০৬০/০১১১ ও ১৫% ভ্যাট ১/১১৩৩/০০২০/০৩১১ নং কোডে ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করে চালানের মূল কপি দাখিল করতে হবে।

৫। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত দর যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ০৩ (তিন) বছরের গড় ইজারা মূল্যের উপর ৬% বৃদ্ধিতে ইজারামূল্য (সরকারি মূল্য) হতে কম হয় তাহলে দরপত্রটি গ্রহণ না করে পুনরায় দরপত্র আহবান করা হবে। দ্বিতীয়বার দরপত্র আহবান করা সত্ত্বেও প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারি মূল্য হতে কম হলে অথবা কাঙ্খিত ইজারামূল্য না পাওয়া পর্যন্ত ইজারা প্রদানের কার্যক্রম অব্যাহত থাকবে।

৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র/সিডিউল বিক্রয় করা হবে না। এক পর্যায়ের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য পর্যায়ে অন্তর্ভূক্ত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৮। সরকার অনুমোদিত বর্তমান টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টানিয়ে প্রচার করবেন।

৯। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীল মোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

১০। ইজারাদার কোনক্রমেই ইজারাকৃত হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১১। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তিপত্র সম্পাদন ব্যতিরেকে হাটের দখল বুঝে দেয়া হবে না।

১২। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন। অন্যথায় জামানত হতে সে ব্যয় মেটানো হবে।

১৪। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৫। ইজারাদার সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত হাট-বাজার ব্যবস্থাপনা সংক্রান্ত নির্দেশাবলী বা উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মেনে চলতে বাধ্য থাকবেন।

১৬। দরপত্রে কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৭। সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের এবং উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সদস্যগণের হাট-বাজার পরিদর্শনের ক্ষমতা থাকবে।

১৮। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ের হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে ফেরত প্রদান করা হবে।

১৯। ইজারাদারের উপর সরকার কর্তৃক অন্য যে কোন প্রকার কর/ফি/সংশোধনী আরোপ করা হলে ইজারাদার তা প্রদান করতে বাধ্য থাকবেন।

১৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

মোসাঃ আলপনা ইয়াসমিন
উপজেলা নির্বাহী অফিসার
বদলগাছী, নওগাঁ।
ফোন : ০২৫৮৮৮৮৬৬০১
E-mail: unobadalgachi@mopa.gov.bd